# অধ্যায় ২ঃ উন্নয়ন পরিকল্পনা বিষয়ে সাধারণ আলোকপাত
# Overview on PDP

## ২.১ পরিকল্পনা কি? (What is Planning?)

পরিকল্পনা বলতে সাধারন অর্থে যা বুঝা যায় তা হল বর্তমান বিষয়কে মাথায় রেখে কোন সুনির্দিষ্ট সময়ের মধ্যে একটি সমন্বিত ব্যবস্থাপনার মাধ্যমে ভবিষ্যত চাহিদা নিরুপণ করা যার মাধ্যমে সমাজের একটি বিশাল জনগোষ্ঠী সুফল ভোগ করতে পারে। প্রতিটি পরিকল্পনায় জনগনের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ দরকার কারন তারাই হচ্ছে পরিকল্পনার মূল সুফল ভোগকারী। পৌরভার উন্নয়ন পরিকল্পনার ক্ষেত্রে জনগনের সরাসরি অংশগ্রহণে সমস্যার অগ্রাধিকার নিরুপনের মাধ্যমে তা বাস্তবায়ন করা। সুন্দর পরিকল্পনার মাধ্যমে সমাজে একটি সুষম উন্নয়ন নিশ্চিত হয়। বিভিন্ন বিশেষজ্ঞগণ তাদের নিজস্ব দৃষ্টিভঙ্গি থেকে পরিকল্পনার সংজ্ঞা প্রদান করেছেন তার কিছু নিম্নে উল্লেখ করা হল-

মি. নিউম্যান বলেন - ভবিষ্যতে কি করতে হবে তার অগ্রিম সিদ্ধান্তকে পরিকল্পনা বলে। ডোনাল্ড এর মতে কোনদিন, কোথায়, কোন কার্য, কার দ্বারা এবং কিভাবে সম্পন্ন হবে তা স্থির করাই পরিকল্পনার উদ্দেশ্য। সাধারণ অর্থে-ভবিষ্যৎ কার্যক্রমের পূর্ব নির্ধারিত নক্শা বা চিত্রকে পরিকল্পনা বলে। ব্যাপক অর্থে পরিকল্পনা হলো প্রতিষ্ঠানে নিয়োজিত বিভিন্ন উপায় ও উপাদানের সুষ্ঠু ব্যবহারের মাধ্যমে প্রাতিষ্ঠানিক উদ্দেশ্য বাস্তবায়নে কি করতে হবে, কি ভাবে করতে হবে, কখন ও কত সময়ে করতে হবে ইত্যাদি বিষয়ের পূর্ব নির্ধারিত প্রতিচ্ছবি কে পরিকল্পনা বলে।

পরিকল্পনা বলতে যা বুঝা যায় তা হলো কোন কাজ করার পূর্বে সে কাজ সম্বন্ধে গবেষণা করা এবং কাজটিকে এমন ভাবে সাজানো হয় যেন কাজটির উদ্দেশ্য সঠিক ভাবে অর্জন করা যায়। সফল পরিকল্পনার জন্য চারটি বিষয়ে গুরুত্বারোপ করা হয়-

- সকল স্থাপনা ও টেকসই যোগাযোগের নিশ্চয়তা প্রদান করা;
- সম্পদের সুষ্ঠু বন্টন ও টেকসই ব্যবহার নিশ্চিত করা;
- সঠিক ভূমির ব্যবহার নিশ্চিত করা এবং
- পরিবেশের ভারসাম্য নিশ্চিত করা।

## ২.২ পৌরসভা উন্নয়ন পরিকল্পনা (পিডিপি) (Overview on PDP)

স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ৫০ (গ) এবং দ্বিতীয় তফশিলের ৩২, ৩৩ ও ৩৪ ধারানুযায়ী পৌরসভার মহাপরিকল্পনা প্রণয়ন, জমির উন্নয়ন প্রকল্প গ্রহন ও জমি উন্নয়ন প্রকল্প কার্যকর করার বিধান আছে। উক্ত বিধান অনুযায়ী পৌর এলাকার ইতিহাস, পরিসংখ্যান, জনসেবামূলক এবং পৌর এলাকার কোন স্থানের উন্নয়ন ও সম্প্রসারণ ইত্যাদি তথ্য নিয়ে একটি পরিকল্পনা করা হয় যা পৌরসভা উন্নয়ন পরিকল্পনা বা পিডিপি নামে পরিচিত। পিডিপি হচ্ছে পুরো শহরের জন্য পৌরসভা কর্তৃক প্রণয়নকৃত একটি সমন্বিত উন্নয়ন পরিকল্পনা যা পৌর জনগনের অংশগ্রহন নিশ্চিত করে চাহিদা অগ্রাধিকার নির্ণয়ের মাধ্যমে প্রনীত এবং কারিগরি ও আর্থিক সম্ভাব্যতা সমীক্ষার দ্বারা সমর্থিত। পিডিপিতে সুশাসন ও সুপরিকল্পিত নগরায়নের নিমিত্তে পৌরবাসীর চাহিদা মোতাবেক জনস্বাস্থ্য (আবর্জনা অপসারন, সংগ্রহ ও ব্যবস্থাপনা, পাবলিক টয়লেট নির্মান, জন্ম-মৃত্যু নিবন্ধন ইত্যাদি), পানি সরবরাহ ও পানি নিষ্কাশন, বাজার স্থাপন, কসাইখানা নির্মান, রাস্তা, ব্রীজ, কালভার্ট, বৃক্ষরোপন, শিক্ষা ও ধর্মীয় প্রতিষ্ঠান উন্নয়ন এবং বিদ্যুতায়নসহ সমস্ত কাজের পরিকল্পনা ও সম্ভাব্য ব্যয় উল্লেখ করা হয়। নবিদেপভুক্ত প্রতিটি পৌরসভার স্বল্প ও মধ্য মেয়াদী উন্নয়ন “ভিশন” এবং স্বল্প ও মধ্য মেয়াদী উন্নয়ন পরিকল্পনার সমন্বয়ে এই পিডিপি প্রণয়ন করা হয়েছে।

## ২.৩ পিডিপি প্রণয়নের উদ্দেশ্য (Objectives of PDP preparation)

প্রতিটি পরিকল্পনার সুনির্দিষ্ট কিছু উদ্দেশ্য রয়েছে যার মাধ্যমে কাজের রুপরেখা নির্ধারিত হয়। প্রকল্পের প্রারম্ভেই এ উদ্দেশ্যগুলো ঠিক করা হয় এবং কতদিনের মধ্যে তা বাস্তবায়িত হবে সেটাও জানা যায়। ভৈরব পৌরসভার উন্নয়ন পরিকল্পনা (পিডিপি) যে উদ্দেশ্য প্রণীত হয়েছে তা নিম্নে উল্লেখ করা হলঃ

- দীর্ঘ মেয়াদী, মধ্য থেকে স্বল্প মেয়াদী উন্নয়ন পরিকল্পনার রূপকল্প ও কৌশল সম্পর্কিত সম্মিলিত ধারণার ভিত্তিতে পরিকল্পিত ও সমন্বিত উন্নয়ন;
- নিয়মানুগ আর্থিক পরিকল্পনা, অগ্রাধিকার বিবেচনার জন্য সমন্বিত মানদন্ডসহ কার্যকরী বিনিয়োগ পরিকল্পনা, পরিচালন ব্যবস্থার সংস্কার, প্রাতিষ্ঠানিক শক্তিশালীকরণ এবং পরিবীক্ষণের মাধ্যমে সম্পদের কার্যকর ব্যবহার নিশ্চিত করা;
- পৌরসভা তাদের নিজেদের দ্বারা নিজেদের পরিকল্পনা তৈরী, প্রকল্প বাস্তবায়ন ও মনিটরিং ব্যবস্থা প্রবর্তন এবং কারিগরি ও আর্থিক সহায়তা প্রাপ্তির মাধ্যমে পৌরসভার দক্ষতা বৃদ্ধি;
- অবকাঠামো ও সেবাসমূহ উন্নয়নের স্বার্থে আর্থ-সামাজিক উন্নয়ন ও পরিবেশ ব্যবস্থাপনা সমন্বিত করার মাধ্যমে স্থায়ীত্বপূর্ণ উন্নয়ন ধারা প্রবর্তন;

## ২.৪ পিডিপির মূল উপাদানসমুহ (Main Components of PDP)

পিডিপি হচ্ছে পৌরসভার একটি সমন্বিত উন্নয়ন পরিকল্পনা। পৌরসভার উন্নয়ন রূপকল্প, আর্থ-সামাজিক উন্নয়ন, নগর পরিকল্পনা ও ভূমি ব্যবহার ব্যবস্থাপনা, নগর অবকাঠামো ও পরিসেবা, স্বল্প ও মধ্য মেয়াদী বিনিয়োগ পরিকল্পনা, আর্থিক পরিকল্পনা, পরিচালন ব্যবস্থার সংস্কার ও সক্ষমতা বৃদ্ধি এবং অন্যান্য উন্নয়নমূলক বিষয়সহ বিস্তৃত পরিসরের উন্নয়ন বিষয়কে অন্তর্ভূক্ত করে এ পরিকল্পনা প্রণীত হয়। জেন্ডার কৌশল ও দারিদ্র বিমোচন কৌশলও পিডিপি'র আওতাভূক্ত।

## ২.৫ পিডিপির প্রয়োজনীয়তা (Importance of PDP)

পৌরসভা উন্নয়ন পরিকল্পনাএকটি গুরুত্বপূর্ন বিষয় যার মাধ্যমে পৌরসভার ভবিষ্যত উন্নয়ন পরিকল্পনা নিশ্চিত হয়। এ পরিকল্পনা জনগনের প্রত্যক্ষ অংশগ্রহনের মাধ্যমে প্রণীত হয়েছে এবং তাদের মতামতকে সর্বোচ্চ অগ্রাধিকার প্রদান করা হয়েছে। পৌরসভা উন্নয়ন পরিকল্পনা প্রণয়নের যে গুরুত্ব তা নিম্নে প্রদান করা হলঃ

- প্রাতিষ্ঠানিক উদ্দেশ্য অর্জন করা;
- ব্যবস্থাপনার অন্যান্য কার্যাবলী বাস্তবায়ন করা;
- কারবারে সমৃদ্ধি ও সম্প্রসারণ করা;
- ভবিষ্যৎ দর্শন করা;
- ব্যয় হ্রাসকরণ করা;
- দক্ষতা অর্জন করা;
- PDP এর মাধ্যমে জনগণের সমস্যা সমাধান করা এবং
- সঠিক কার্যধারা অনুসরণ করা।

একটি উত্তম পরিকল্পনা হতে উপরোক্ত সুবিধাগুলো লাভ করা যায় যা জনগনের জীবনযাত্রার মানকে উন্নত করে তোলে ।একটি টেকসই উন্নয়ন নিশ্চিত করতে সমন্বিত উন্নয়ন পরিকল্পনার কোন বিকল্প নেই। জনগনের চাহিদার ভিত্তিতেই নির্ধারিত হবে পৌরসভা উন্নয়ন প্রকল্পের প্রণয়নের প্রয়োজনীয়তা।

## ২.৬ পিডিপির ব্যাপ্তি (Scope of PDP)

প্রথম থেকে শেষ পর্যন্ত সাধারণভাবে ৩টি অংশের সমন্বয়ে পৌরসভা উন্নয়ন পরিকল্পনা (পিডিপি) প্রণীত হয়েছে যা নিম্নরূপ ঃ

- অবকাঠামো ও সেবা সরবরাহ উন্নতিকরণের আওতায় নগর যাতায়াত ব্যবস্থার উন্নয়ন, ড্রেনেজ ব্যবস্থার উন্নয়ন, পৌর আবর্জনা ও বর্জ্য ব্যবস্থাপনার উন্নয়ন, পানি সরবরাহ ব্যবস্থাপনার উন্নয়ন, স্যানিটেশন ব্যবস্থার উন্নয়ন ছাড়াও অন্যান্য পৌর সুবিধাদি যথাঃ গ্রোথ সেন্টার, পৌর মার্কেট,বাস/ট্রাক টার্মিনাল, পার্কিং এলাকা, কাঁচা বাজার, কসাইখানা, শিক্ষামূলক পৌর শিশু পার্ক, শিল্প পার্ক, আবাসন সুবিধা,সড়ক বাতি, পাবলিক টয়লেট, নিরাপদ পানি সরবরাহ, বস্তি উন্নয়ন, বর্জ্য অপসারনের স্থান নির্ধারন, ডাস্টবিন নির্মাণ, যাত্রী ছাউনী, বৃক্ষ রোপন, যানবাহন ও নির্মাণ সামগ্রীর গুণগত মান নিয়ন্ত্রণ যন্ত্রপাতি, নগরের প্রাকৃতিক ভূ-দৃশ্য ও জলাধারসহ অন্যান্য নাগরিক বিনোদন ব্যবস্থার উন্নয়ন এবং বস্তিবাসীদের জন্য মৌলিক সুবিধা প্রদানসহ নগর পরিবেশের উন্নয়ন।

- আর্থিক পরিকল্পনার আওতায় ভৈরব পৌরসভার আর্থিক ব্যবস্থা পরিবীক্ষণ ও বিনিয়োগ পরিকল্পনা তৈরী এবং

- প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধির আওতায় ভৈরব পৌরসভার কর্মকর্তা/কর্মচারীদের দক্ষতা বৃদ্ধিসহ পৌরসভার সাংগঠনিক কাঠামো অনুযায়ী জনবল নিয়োগ এবং নাগরিকদের অংশগ্রহণ নিশ্চিতকরণের মাধ্যমে পৌরসভার পরিচালন ব্যবস্থা উন্নয়নের লক্ষ্যে গৃহীত নগর পরিচালন উন্নতিকরণ কর্মসূচী (UGIAP) বাস্তবায়ন করা হবে।